# আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬ : ৬৩

## আরবি মূল আয়াত:

اَفَرَءَيتُم مَّا تَحرُثُونَ ﴿٦٣﴾

## অনুবাদসমূহ:

তোমরা আমাকে বল, তোমরা যমীনে যা বপন কর সে ব্যাপারে, — আল-বায়ান

তোমরা কি ভেবে দেখেছ তোমরা যে বীজ বপন কর সে সম্পর্কে? — তাইসিরুল

তোমরা যে বীজ বপন কর সে সম্পর্কে চিন্তা করেছ কি? — মুজিবুর রহমান

And have you seen that [seed] which you sow? — Sahih International

### ৬৩. তোমরা যে বীজ বপন কর সে সম্পর্কে চিন্তা করেছ কি?(১)

(১) মানব সৃষ্টির গুঢ়তত্ত্ব উদঘাটিত করার পর এখন এই খাদ্যের স্বরূপ সম্পর্কে প্রশ্ন রাখা হয়েছেঃ তোমরা যে বীজ বপন কর, সে সম্পর্কে ভেবে দেখেছি কি? এই বীজ থেকে অংকুর বের করার ব্যাপারে তোমাদের কাজের কতটুকু দখল আছে? চিন্তা করলে এছাড়া জওয়াব নেই, কৃষক ক্ষেতে লাঙ্গল চালিয়ে সার দিয়ে মাটি নরম করেছে মাত্র, যাতে দুর্বল অংকুর মাটি ভেদ করে সহজেই গজিয়ে উঠতে পারে। বীজ বপনকারী কৃষকের সমগ্র প্রচেষ্টা এই এক বিন্দুতেই সীমাবদ্ধ। চারা গজিয়ে উঠার পর সে তার হেফাযতে লেগে যায়। কিন্তু একটি বীজের মধ্য থেকে চারা বের করে আনার সাধ্য তার নেই। সে চারাটি তৈরি করেছে বলে দাবিও করতে পারে না। কাজেই প্রশ্ন দেখা দেয় যে, সুবিশাল মটির স্তুপে পতিত বীজের মধ্য থেকে এই সুন্দর ও মহোপকারী বৃক্ষ কে তৈরি করল? জওয়াব এটাই যে, সেই পরম প্রভু অপার শক্তিধর আল্লাহ তা'আলার অত্যাশ্চর্য কারিগরিই এর প্রস্তুতকারক। [দেখুন: আদওয়াউল-বায়ান]

তাফসীরে জাকারিয়া

### (৬৩) তোমরা যে বীজ বপন কর, সে সম্পর্কে চিন্তা করেছ কি?

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5042

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন